মহাপরিচালক এর দপ্তর
পরিচালক (কারিগরি/জুট টেক্সটাইল)
পরিচালক (কৃষি/পিটিসি)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
উপ-পরিচালক (অর্থ ও হিসাব/প্রশাসন)
সহকারী প্রকৌশলী (সিভিল/তড়িৎ)
ডায়েরি নং- ৯৪৯২
তারিখ- 24/01/22 স্বাক্ষর


কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর
ঢাকা ইন্স্যুরেন্স ভবন (২য়-৬ষ্ঠ তলা)
৭১, পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০।
**www.agriaudit.org.bd**


নং- ৮২.১৮.০০০০.০০১.৪৩.৩৬৯.২২-৩৭০ তারিখ: ১৯/০১/২০২২ খ্রি.

মহাপরিচালক
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিকমিয়া এভিনিউ, ঢাকা।

বিষয়: বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর ২০২০-২০২১ অর্থ বছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা এর ২০২০-২০২১ অর্থ বছরের কমপ্লায়েন্স অডিট ১৫/১১/২০২১ খ্রি. তারিখ হতে ০৫/১২/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে সম্পন্ন করা হয়েছে। নিরীক্ষা দল কর্তৃক দাখিলকৃত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট এ ২১ টি অডিট অনুচ্ছেদ সন্নিবেশিত ছিল। আলোচ্য অনুচ্ছেদসমূহ যাচাই কমিটি (Quality Assurance Committee-1) কর্তৃক পর্যালোচনার প্রেক্ষিতে অনুচ্ছেদ নম্বর ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ১০, ১১, ১২, ১৪, ১৫, ১৬, ১৭, ১৯ ও ২১ মোট ১৬ (ষোলো) টি অনুচ্ছেদকে SFI (গুরুতর আর্থিক অনিয়ম) এবং অনুচ্ছেদ নম্বর ৮, ৯, ১৩, ১৮ ও ২০ মোট ০৫ (পাঁচ) টি অনুচ্ছেদকে Non-SFI হিসেবে অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অনুচ্ছেদসমূহ কমপ্লায়েন্স অডিট রিপোর্ট এ অন্তর্ভুক্ত করত: এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এমতাবস্থায় কমপ্লায়েন্স অডিট রিপোর্ট এ বর্ণিত SFI (গুরুতর আর্থিক অনিয়ম) অনুচ্ছেদসমূহের ক্ষেত্রে নিষ্পত্তিমূলক জবাব মন্ত্রণালয়ের মাধ্যমে এবং Non-SFI অনুচ্ছেদসমূহের জবাব সরাসরি পত্র ইস্যুর তারিখ হতে ০৩ (তিন) সপ্তাহের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

সংযুক্তি: ১। প্রতিবেদন- ৭৭ (সাতাত্তর) পাতা।

19/1/22
(মো: ইবনে সাঈদ)
উপপরিচালক
সেক্টর-১
ফোন : ০২-৪৮৩১৬৮৫৬

নং- ৮২.১৮.০০০০.০০১.৪৩.৩৬৯.২২-৩৭০ তারিখ: ১৯/০১/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
**[প্রতিবেদনে অন্তর্ভুক্ত ১৬ (ষোলো) টি SFI (গুরুতর আর্থিক অনিয়ম) এর কপি পরবর্তী সদয় কার্যক্রম গ্রহণার্থে এতদসংগে প্রেরণ করা হলো]**
২। পিএ টু মহাপরিচালক/পরিচালক, কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর।
৩। অফিস কপি/গার্ড ফাইল।

(মো: ইবনে সাঈদ)
উপপরিচালক
সেক্টর-১
ফোন : ০২-৪৮৩১৬৮৫৬

পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
☐ উপ-পরিচালক (অর্থ ও হিসাব)
☐ উপ পরিচালক (প্রশাসন)
☐ অডিট অফিসার
☐ সহকারী পরিচালক..................
☐ সহকারী প্রকৌশলী
☐ ক্রয়/যানবাহন শাখা
ডাইরী নং- ২২৫
তারিখঃ 27/01/22 স্বাক্ষর

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত (টাকা) |
|---|---|---|
| ১ | পিপিআর-২০০৮ লঙ্ঘন করে আরএফকিউ (RFQ) পদ্ধতিতে বাৎসরিক সিলিংসীমার অতিরিক্ত অনিয়মিত ব্যয়। | ১৬,০৮,৩৩০/- |
| ২ | পিপিআর-২০০৮ লঙ্ঘন করে প্রাক্কলন কমিটিতে বহি: সদস্য অন্তর্ভুক্ত না করে প্রাক্কলন তৈরী ও কাজ সম্পাদনের মাধ্যমে অনিয়মিত ব্যয়। | ৬৬,৪৩,৩৮১/- |
| ৩ | সংস্থার তহবিল হতে কর্মকর্তা/কর্মচারীদের জীবনবীমা পলিসির প্রিমিয়াম বাবদ অনিয়মিতভাবে পরিশোধ। | ৩,০৫,২৫০/- |
| ৪ | জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ অমান্য করে আয়কর কম কর্তন করায় সরকারের আর্থিক ক্ষতি। | ২২,৫৯,৯৩৩/- |
| ৫ | জাতীয় রাজস্ব বোর্ডের পরিপত্র অনুযায়ী পরামর্শক সেবার বিল হতে নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায় সরকারেরআর্থিক ক্ষতি। | ৩৩,৮৯,৯০০/- |
| ৬ | পিপিআর-২০০৮ লঙ্ঘনপূর্বক কোন ক্রয় পদ্ধতি অনুসরণ না করে পরামর্শক সেবা ক্রয়ের ফলে অনিয়মিত ব্যয়। | ২,৫২,৭৫,০০০/- |
| ৭ | অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র ও চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অমান্য করে অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য অতিরিক্ত ভাতা প্রদান করায় আর্থিক ক্ষতি। | ৭,৬৮,০০০/- |
| ৮ | পিপিআর-২০০৮ অমান্য করে কার্যসম্পাদন জামানতের মেয়াদ উত্তীর্ণ হওয়া সত্ত্বেও নবায়ন করা হয়নি। | ১,০১,৮৭,২৬২/- |
| ৯ | পিপিআর-২০০৮ অমান্য করে ঠিকাদারের নিকট হতে বিলম্ব জরিমানা আদায় না করে বিধি বহির্ভূতভাবে সময় বর্ধনের ফলে আর্থিক ক্ষতি। | ৮৭,০৭,৭৪৭/- |
| ১০ | পিপিআর-২০০৮ ও স্ট্যান্ডার্ড টেন্ডার ডকুমেন্ট এর শর্ত অমান্য করে অনিয়মিতভাবে ল্যাবরেটরি টেস্টে প্রেরিত স্যাম্পল ব্যবহার না করে নির্মাণ কাজে ভিন্ন রড এবং বালু ব্যবহারের ফলে অনিয়মিত ব্যয়। | ১,৯৭,০০,০০০/- |
| ১১ | বাস্তবে কাজ শেষ না হওয়া সত্ত্বেও ঠিকাদারের প্রতি আনুকূল্য প্রদর্শনপূর্বক অনিয়মিতভাবে ঠিকাদারকে চূড়ান্ত বিল বাবদ পরিশোধ। | ৮০,২৭,১৫৯/- |
| ১২ | আরডিপিপি লঙ্ঘন করে একক কাজকে একাধিক লটে বিভক্ত করে ঠিকাদার নির্বাচন করে কাজ সম্পাদনের ফলে সরকারের আর্থিক ক্ষতি। | ৭,৩৬,৬২৯/- |
| ১৩ | সেটআপ বহির্ভূত কর্মচারীদের বেতন ভাতা পরিশোধ করায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি। | ১৪,৪৯,১২৫/- |
| ১৪ | সিপিএফ বিধিমালা, ১৯৭৯ অমান্য করে নির্ধারিত হারের অতিরিক্ত চাঁদা প্রদানের ফলে সংস্থার আর্থিক ক্ষতি। | ২৭,৪২,১৯৮/- |
| ১৫ | সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণের বেতন বিল হতে কর্তনকৃত বাড়ি ভাড়া প্রতিষ্ঠানের আয় হিসেবে না দেখানোর ফলে নিজস্ব আয় কম প্রদর্শন। | ১,৯৯,৮৫,৩৬৪/- |
| ১৬ | পিপিআর-২০০৮ এবং দরপত্রের শর্ত অমান্য করে বিভিন্ন নির্মাণ কাজের বীমা না করায় ভ্যাট বাবদ সরকারের আর্থিক ক্ষতি। | ১,০১,৮৭৩/- |
| ১৭ | পিপিআর-২০০৮ লংঘন করে দরপত্রের জন্য প্রদত্ত বিজ্ঞাপন শুধু একটি মাত্র পত্রিকায় প্রকাশ করে সরবরাহকারী নির্বাচন করে চুক্তি সম্পাদনের মাধ্যমে অনিয়মিত ব্যয়। | ২৬,৫৯,৭০০/- |
| ১৮ | বিধি-বহির্ভূতভাবে পিএসসি সভায় অংশগ্রহণের জন্য সম্মানী প্রদান করায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি। | ১,৬৪,০০০/- |
| ১৯ | আর্থিক ক্ষমতা অর্পন আদেশ-২০১৫ এর নির্দেশনা অমান্য করে যানবাহন মেরামত বাবদ আর্থিক ক্ষমতার অতিরিক্ত অনিয়মিত ব্যয়। | ১,০৪,৭৫০/- |
| ২০ | দরপত্র আহবান না করে প্রশিক্ষণার্থীদের জন্য পাটের ব্যাগ তিনজন সরবরাহকারী হতে সরাসরি নগদ ক্রয়ের মাধ্যমে সম্পাদনের ফলে অনিয়মিত ব্যয়। | ৪,৬৮,৮৫০/- |
| ২১ | উন্নয়ন প্রকল্পের ব্যাংক হিসাব হতে অর্জিত সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি। | ২,৯৩,২৪৪/- |
| | মোট | ১১,৫৫,৭৭,৬৯৫/- |

(সুভাষ চন্দ্র সরকার)
অডিট অফিসার (সিসি)
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭